TimeofBd.com



**১২** নিচের ভাগগুলোর কোনটির ভাগফল ভাজ্য অপেক্ষা বড় হবে?
(ক) ১.২ ÷ ১.২ (খ) ৩.৫ ÷ ৩.৫ (গ) ০.৮ ÷ ০.৮

**সমাধান :** (ক) ১.২÷১.২ = (১.২×১০) ÷ (১.২×১০) = ১২÷১২ = ১
(খ) ৩.৫ ÷ ৩.৫ = (৩.৫ × ১০) ÷ (৩.৫×১০) = ৩৫ ÷ ৩৫ = ১
(গ) ০.৮ ÷ ০.৮ = (০.৮ × ১০) ÷ (০.৮ × ১০) = ৮ ÷ ৮ = ১
উপরের হিসাবগুলো থেকে দেখা যাচ্ছে যে, (গ) এর ভাগফল ভাজ্য অপেক্ষা বড়।

**উত্তর :** (গ)

**১৩** একটি গাড়ি ২.৫ ঘণ্টায় ১১৪.৫ কিমি যায়। গাড়িটি এক ঘণ্টায় কত কিমি যায়? ★ ★ ★ *(প্রা.শি.স.প.-২০১৬)*

**সমাধান :** গাড়িটি ২.৫ ঘণ্টায় যায় ১১৪.৫ কিমি
∴ ১ ঘণ্টায় যায় (১১৪.৫ ÷ ২.৫) কিমি
= {(১১৪.৫ × ১০) ÷ (২.৫ × ১০)} কিমি
= (১১৪৫ ÷ ২৫) কিমি
= ৪৫.৮ কিমি

এখানে,
```
      ৪৫.৮
২৫) ১১৪৫
     ১০০
     ১৪৫
     ১২৫
      ২০০
      ২০০
        ০
```

**উত্তর :** ৪৫.৮ কিমি।

**১৪** একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ৭২৯ বর্গমিটার। এর প্রস্থ ২২.৫ মিটার হলে দৈর্ঘ্য নির্ণয় কর। ★ ★

**সমাধান :** দেওয়া আছে, আয়তাকার জমির ক্ষেত্রফল ৭২৯ বর্গমিটার
এবং প্রস্থ ২২.৫ মিটার
আমরা জানি, আয়তাকার জমির ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
বা, দৈর্ঘ্য = ক্ষেত্রফল ÷ প্রস্থ
বা, দৈর্ঘ্য = ৭২৯ ÷ ২২.৫
= (৭২৯ × ১০) ÷ (২২.৫ × ১০)
= (৭২৯০ ÷ ২২৫)
= ৩২.৪
∴ দৈর্ঘ্য = ৩২.৪ মিটার

এখানে,
```
       ৩২.৪
২২৫) ৭২৯০
      ৬৭৫
       ৫৪০
       ৪৫০
        ৯০০
        ৯০০
          ০
```

**উত্তর :** ৩২.৪ মিটার।

**১৫** ৩.২৫ মিটার লম্বা একটি লোহার খণ্ডের ওজন ১৫.৬ কেজি। লোহার খণ্ডের প্রতি মিটারের ওজন নির্ণয় কর। ★ ★ *(প্রা.শি.স.প.-২০১৬)*

**সমাধান :** ৩.২৫ মিটার লম্বা লোহার খণ্ডের ওজন ১৫.৬ কেজি
∴ ১ মিটার লম্বা লোহার খণ্ডের ওজন
(১৫.৬ ÷ ৩.২৫) কেজি
= {(১৫.৬ × ১০০) ÷ (৩.২৫ × ১০০)} কেজি
= (১৫৬০ ÷ ৩২৫) কেজি
= ৪.৮ কেজি

এখানে,
```
        ৪.৮
৩২৫) ১৫৬০
      ১৩০০
       ২৬০০
       ২৬০০
          ০
```

**উত্তর :** ৪.৮ কেজি।

## পরীক্ষা প্রস্তুতি সহায়ক গুরুত্বপূর্ণ অনুশীলনমূলক প্রশ্ন ও উত্তর

সুপ্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নের ধরন অনুযায়ী নিচের অংশটুকু সাজানো হলো। তোমাদের পরীক্ষার পূর্বপ্রস্তুতির জন্য এই অংশের অবতারণা। আশাকরি তোমাদের পরীক্ষার ভীতি দূর হবে এবং ভালো ফলাফল অর্জন করতে পারবে।

### ১ প্রশ্নের ক্রমধারা | যোগ্যতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

নোট : সুপ্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ১নং প্রশ্নের ধরন অনুযায়ী সম্পূর্ণ বই থেকে ২০ নম্বরের (১×২০ = ২০) সংক্ষিপ্ত প্রশ্ন থাকবে এর মধ্যে প্রতিটি প্রশ্নই যোগ্যতাভিত্তিক যার উত্তর করা বাধ্যতামূলক। এজন্য এই অংশের অবতারণা।

**পাঠ-৭.১ : দশমিক সংখ্যা**

১. কতগুলো ০.০১ দ্বারা ২.০৪ হয়? *(কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ড আন্তঃস্কুল)*
**উত্তর :** ২০৪টি

২. কতগুলো ০.০০১ দ্বারা ৩.০০৪ হয়? **উত্তর :** ৩০০৪টি

৩. কতটি ০.০০১ দ্বারা ০.১৯৫ গঠন করা যায়? **উত্তর :** ১৯৫টি

৪. ৫.৪ মিটার ০.১ মিটারের কত একক? **উত্তর :** ৫৪ একক

৫. ৫.১ কতটি ০.১ দ্বারা গঠিত? *(এ.কে. স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)*
**উত্তর :** ৫১টি

৬. কতটি ০.১ দ্বারা ২.১ গঠিত হয়? *(বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)*
**উত্তর :** ২১টি

৭. ০.৭ এ কতটি ০.১ আছে? *(জ্ঞান)* **উত্তর :** ৭টি

৮. ০.১ কে কী বলে? *(জ্ঞান)* **উত্তর :** এক-দশমাংশ

৯. ৫.০১ কতটি ০.০১ দ্বারা গঠিত? *(অনুধাবন)* **উত্তর :** ৫০১টি

**পাঠ-৭.২ : পূর্ণসংখ্যা দ্বারা গুণ**

১০. ১০ জন শিক্ষার্থীর প্রত্যেককে ০.১ মিটার করে ফিতা দিলে মোট কত মিটার ফিতা লাগবে? *[প্রা. শি. স.-১৯, কোড-৬২৭]*
**উত্তর :** ১ মিটার

১১. ১ ইঞ্চি সমান ২.৫৪ সে.মি.। ৪ ইঞ্চি সমান কত সে.মি.? *[প্রা. শি. স.-১৯, কোড-৬৩৫, ৬৪৬, ৬৭৩]*
**উত্তর :** ১০.১৬ সে.মি.

১২. একটি সাইকেল ঘণ্টায় যায় ৬.৫ কিমি। ৪ ঘণ্টায় গাড়িটি কত কিমি যাবে? *(প্রয়োগ)* **উত্তর :** ২৬ কিমি

১৩. একটি পেনসিলের দাম ১২.২৫ টাকা হলে ৬টি পেনসিলের দাম কত? **উত্তর :** ৭৩.৫ টাকা

১৪. একটি সাইকেল মেরামত করতে ০.২ ঘণ্টা সময় লাগলে ২টি সাইকেল মেরামত করতে মেকারের কত মিনিট সময় লাগবে? *[প্রা:শি:স:প:২০১৬]*
**উত্তর :** ২৪ মিনিট
[ব্যাখ্যা : মোট সময় (০.২ × ২) ঘণ্টা
= ০.৪ ঘণ্টা = (০.৪ × ৬০) মিনিট = ২৪ মিনিট]

১৫. একটি আমের ওজন ০.৭৫ কেজি। এরূপ ৮টি আমের ওজন কত?
**উত্তর :** ৬ কেজি

১৬. ০.০০৭ × ৮ = কত? *(ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)*
**উত্তর :** ০.০৫৬

১৭. ০.০০৩৬ কে ৭ দ্বারা গুণ করলে গুণফল কত হবে? *(আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা)*
**উত্তর :** ০.০২৫২

১৮. ০.৫ কে ১৮ দ্বারা গুণ করলে গুণফল কত হবে? **উত্তর :** ৯

১৯. ০.৫ কে ১২ দ্বারা গুণ করলে গুণফল কত? *(মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
**উত্তর :** ৬

২০. ০.৪ × ৭ = ? *(প্রয়োগ)* **উত্তর :** ২.৮

২১. প্রতিটি গ্লাসের ওজন ০.৬ কেজি তাহলে ২০টি গ্লাসের ওজন কত? *(প্রয়োগ)* **উত্তর :** ১২ কেজি

www.Educationblog24.com
www.TimeofBd.com
Educationblog24.com

TimeofBd.com



২২. ০.৩ × ৫ = ☐, খালি ঘরের সংখ্যাটি কত? উত্তর : ১.৫

২৩. ০.৫ × ৫ = কত? (বিসিআইসি কলেজ, ঢাকা)
উত্তর : ২.৫

২৪. প্রতিটি কাপের ওজন ০.৪ কেজি হলে ৫টি কাপের ওজন কত? (প্রয়োগ)
উত্তর : ২ কেজি

২৫. এক ইঞ্চি সমান ২.৫৪ সেমি হলে ৮ ইঞ্চি সমান কত সেমি?
উত্তর : ২০.৩২ সেমি

## পাঠ-৭.৩ : ১০ এবং ১০০ দ্বারা গুণ

২৬. ১টি প্যাকেটে দুধ আছে ০.৮ লিটার তাহলে, ১০টি প্যাকেটে দুধ আছে কত লিটার? (প্রয়োগ) উত্তর : ৮ লিটার

২৭. ১টি প্যাকেটে ০.৫ লিটার দুধ আছে তাহলে ১০টি প্যাকেটে কত লিটার দুধ আছে? (প্রয়োগ) উত্তর : ৫ লিটার

২৮. ০.১ × ১০ = কত? [প্রা:শি:স:প: ২০১৮] উত্তর : ১

২৯. ২.৫ টাকা করে ১০ জনকে দেওয়া হলে মোট কত টাকা লাগবে? [প্রা:শি:স:প: ২০১৮] উত্তর : ২৫ টাকা
[ব্যাখ্যা : মোট টাকা = (২.৫ × ১০) টাকা = ২৫ টাকা]

৩০. ৪.৩৫ × ১০০ = কত? উত্তর : ৪৩৫

৩১. ৪.১০৫ কে ১০০ দ্বারা গুণ করলে গুণফল কত? উত্তর : ৪১০.৫

৩২. ২.৫ মিটারের ১০ গুণ কত? (অনুধাবন) উত্তর : ২৫ মিটার

৩৩. ৭৫.৩৭৫ × ১০০ = কত?
উত্তর : ৭৫৩৭.৫ (আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)

৩৪. ২.৫৪ × ১০০ = কত? [প্রা:শি:স:প:২০১৫] উত্তর : ২৫৪

৩৫. ০.০৪ × ১০০ = কত?
উত্তর : ৪ (মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা)

৩৬. ৩.৩৪৮ × ১০০ = কত?
উত্তর : ৩৩৪.৮ (মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা)

৩৭. ৫.৭০৮ × ১০০ = কত? (বি.এ.এফ শাহীন কলেজ, চট্টগ্রাম)
উত্তর : ৫৭০.৮

৩৮. ০.১২ এর সাথে কত গুণ করলে গুণফল ১২ হবে? (প্রয়োগ)
উত্তর : ১০০

৩৯. ০.০৭ × ১০০ = ☐ ; খালি ঘরের সংখ্যাটি কত? (অনুধাবন)
উত্তর : ৭

৪০. ৩.৪৮ × ১০ = ? (প্রয়োগ) উত্তর : ৩৪.৮

৪১. ০.৮ কে ৮ করতে হলে কোন সংখ্যা দ্বারা গুণ করতে হবে?
উত্তর : ১০ (অনুধাবন)

## পাঠ-৭.৪ : পূর্ণসংখ্যা দ্বারা ভাগ

৪২. ১.২৫ ÷ ৫ = কত? [প্রা. শি. স.-১৯, কোড-৬৭৩, ৬৮৮]
উত্তর : ০.২৫ অথবা .২৫

৪৩. একটি মোটরসাইকেল ৮ সেকেন্ডে যায় ০.১৬ কিমি তাহলে ১ সেকেন্ডে কত কিমি যায়? (প্রয়োগ) উত্তর : ০.০২ কিমি
[ব্যাখ্যা : দূরত্ব (০.১৬ ÷ ৮) কিমি = ০.০২ কিমি.]

৪৪. আয়তাকার জমির ক্ষেত্রফল ৩০.৫ বর্গমি ও দৈর্ঘ্য ১০ মিটার হলে প্রস্থ কত?
উত্তর : ৩.০৫ মিটার
[ব্যাখ্যা : প্রস্থ (৩০.৫ ÷ ১০) মিটার = ৩.০৫ মিটার]

৪৫. ০.৫৬ ÷ ৭ = ? [প্রা:শি:স:প: ২০১৮] উত্তর : .০৮

৪৬. ০.০২৫ ÷ ৫ = কত? (গভ. ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা)
উত্তর : ০.০০৫

৪৭. ৩৫.০৪ ÷ ৫ = কত? (বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)
উত্তর : ৭.০০৮

৪৮. ৪.৬৫ ÷ ১৫ এর মান কত? উত্তর : ০...

৪৯. ০.৮ ÷ ৪ = কত? (মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা)
উত্তর : ০.২

## পাঠ-৭.৫ : ২ অঙ্কের সংখ্যা দ্বারা ভাগ

৫০. ভাজ্য ০.০২৫, ভাজক ২৫ হলে ভাগফল কত? উত্তর : ০.০০...

৫১. ৫৯.৭৬ ÷ ৪৮ = কত?
উত্তর : ১.২৪৫ (মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা)

৫২. ০.০০৬ ÷ ৩০ = কত?
উত্তর : ০.০০০২ (মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা)

৫৩. ৫.১৬ ÷ ১২ = কত? (মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা)
উত্তর : ০.৪৩

## পাঠ-৭.৬ : ১০ এবং ১০০ দ্বারা ভাগ

৫৪. ২০.৫ মিটার ফিতা ১০ জনের মধ্যে ভাগ করে দিলে প্রত্যেকে কত মিটার করে পাবে? উত্তর : ২.০৫ মিটার

৫৫. ১০টি লেবুর দাম ১২৭.৫০ টাকা হলে ১টি লেবুর দাম কত? (বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল)
উত্তর : ১২.৭৫ টাকা
[ব্যাখ্যা : ১টি লেবুর দাম (১২৭.৫০ ÷ ১০) টাকা = ১২.৭৫ টাকা]

৫৬. ১২.৫ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? উত্তর : ১.২৫

৫৭. ৮৩.৬৫ কে কত দ্বারা ভাগ করলে ভাগফল ০.৮৩৬৫ হবে।
উত্তর : ১০০

৫৮. ০.৮ ÷ ১০০ = কত? (বিসিআইসি কলেজ, ঢাকা) উত্তর : ০.০০৮

৫৯. ৫৫.৩৬ ÷ ১০ = কত? (লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়)
উত্তর : ৫.৫৩৬

৬০. ২৫.৪ ÷ ১০০ = কত? উত্তর : ০.২৫৪

## পাঠ-৭.৭ : দশমিক সংখ্যা দিয়ে গুণ

৬১. ০.১ × ০.২ = কত? [প্রা. শি. স.-১৯, কোড-৬৩২]
উত্তর : ০.০২

৬২. ০.০১ × ০.০১ = কত? [প্রা. শি. স.-১৯, কোড-৬২২]
উত্তর : ০.০০০১

৬৩. একটি আয়তাকার কাগজের দৈর্ঘ্য ০.৩ সেমি এবং প্রস্থ ০.২ সেমি হলে, ক্ষেত্রফল কত বর্গসেমি হবে? [প্রা:শি:স:প: ২০১৮]
উত্তর : ০.০৬ বর্গসেমি
[ব্যাখ্যা : ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = ০.৩ × ০.২ = ০.০৬ বর্গসেমি]

৬৪. গুণ্য ২.৫ এবং গুণক ০.১ হলে গুণফল কত? [প্রা:শি:স:প:২০১৮]
উত্তর : ০.২৫

৬৫. ০.১ × ৪.২ × ০.৩ = কত?
উত্তর : ০.১২৬ (সরকারি বিজ্ঞান কলেজ (সংযুক্ত হাইস্কুল), ঢাকা)

৬৬. ২৫×০.০৫ = কত?
উত্তর : ১.২৫ (মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা)

৬৭. ০.২ কে ০.২ দ্বারা গুণ করলে গুণফল কত শতাংশ হবে?
উত্তর : ৪ শতাংশ (নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)

৬৮. ০.২ × ০.০২ × ২.০ = কত? (আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)
উত্তর : ০.০০৮।

৬৯. ০.২৫ × ০.৪ = কত? [প্রা.শি.স.প.-২০১৭] উত্তর : ০.১

৭০. ০.১ × ০.১ × ০.১ = কত? [প্রা.শি.স.প.-২০১৭] উত্তর: ০.০০১

৭১. ০.১ × ০.০১ × ০.০০১ = কত? [প্রা:শি:স:প:২০১৮]
উত্তর : ০.০০০০০১

www.Educationblog24.com www.Timeofbd.com
Educationblog24.com

TimeofBd.com



৭২. ০.৫ × ০.০৩ × .০২ = কত? [প্রা:শি:স:প:২০১৫] উত্তর : ০.০০০৩

৭৩. একজন বালক ঘণ্টায় ২০.৫ কিমি দৌড়াতে পারে। সে ০.২৫ ঘণ্টায় কত কিমি দৌড়াবে?
উত্তর : ৫.১২৫ কিমি (আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)
[ব্যাখ্যা : দূরত্ব (২০.৫ × ০.২৫) কিমি = ৫.১২৫ কিমি]

৭৪. ০.৩ × ০.০৩ × .০০৩ = ? [প্রা:শি:স:প:২০১৫]
উত্তর : ০.০০০০২৭

৭৫. ০.৭৮ × ০.২৫ = কত?
উত্তর : ০.১৯৫ (মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা)

৭৬. ০.৩ × ০.০৩ × ০.০০০৩ এর গুণফল কত?
(আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা) উত্তর: ০.০০০০০২৭

৭৭. ৫ × ০.১ × ০.০২ × ০.০০১ = কত?
উত্তর : ০.০০০০১ (গভ. ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা)

৭৮. ০.১ × ০.১ এর গুণফলের দশমিক বিন্দুর পর কয়টি অঙ্ক থাকবে? (জামালপুর জিলা স্কুল) উত্তর : ২টি

৭৯. ০.২×০.২ = কত? (কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ড আন্তঃস্কুল)
উত্তর : ০.০৪

## পাঠ-৭.৮ : দশমিক সংখ্যা দিয়ে ভাগ

৮০. ৫৬ ÷ ০.০৮ = কত? [প্রা. শি. স.-১৯, কোড-৬৭৫]
উত্তর : ৭০০

৮১. ২৮ কে ২.৫ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে?
উত্তর : ১১.২ (বিএএফ শাহীন কলেজ, ঢাকা)

৮২. ২ ÷ ০.৫ = ? [প্রা:শি:স:প: ২০১৮] উত্তর : ৪

[ব্যাখ্যা : $২ ÷ ০.৫ = ২ ÷ \frac{৫}{১০} = ২ × \frac{১০}{৫} = ৪$]

৮৩. ১.৮ মিটার লোহার পাইপের ওজন ৯ কেজি। ১ মিটার লোহার পাইপের ওজন কত? [প্রা:শি:স:প: ২০১৮] উত্তর : ৫ কেজি

[ব্যাখ্যা : ১ মিটার পাইপের ওজন = (৯ ÷ ১.৮) কেজি

$= ৯ ÷ \frac{১৮}{১০}$ কেজি $= ৯ × \frac{১০}{১৮}$ কেজি = ৫ কেজি]

৮৪. ৬ ÷ ০.৩ = কত? (শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি)
উত্তর : ২০

৮৫. ৪.০৫ ÷ ০.০১৮ = কত? (চট্টগ্রাম কলেজিয়েট স্কুল) উত্তর : ২২৫

৮৬. ৩৬ কে ০.৬ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? উত্তর : ৬০
উত্তর : ২০

৮৭. ২৪ ÷ ১.২ = ? উত্তর : ২

৮৮. ৩ ÷ ১.৫ = কত? [প্রা:শি:স:প:২০১৫]

৮৯. ১৮ ÷ ৩.৬০ = কত? (ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ)
উত্তর : ৫

৯০. ৪.৬৫ কে ১.৫ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? (আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)
উত্তর : ৩.১

## ২ প্রশ্নের ক্রমধারা যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন ও সমাধান

নোট : সুপ্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ৬ নং প্রশ্নের ধরন অনুযায়ী এ অধ্যায় থেকে যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন থাকবে যা উত্তর করা বাধ্যতামূলক। এজন্য এই অংশের অবতারণা।

**১** একটি ট্রেন ঘণ্টায় ১২০.৫ কি.মি. যায়।
[প্রা. শি. স.-১৯, কোড-৬২৭,৬৩৫, ৬৩৯,৬৪৬,৬৭৫]

(ক) ৫.৫ ঘণ্টায় ট্রেনটি কত কি.মি. যাবে? ৪

(খ) ৩৬১.৫ কি.মি. যেতে ট্রেনটির কত ঘণ্টা লাগবে? ৪

সমাধান : (ক) ১ ঘণ্টায় যায় ১২০.৫ কি.মি.
∴ ৫.৫ ঘণ্টায় যায় (১২০.৫ × ৫.৫) কি.মি.
= ৬৬২.৭৫ কি.মি.

এখানে,
```
  ১২০.৫
 × ৫.৫
 ------
  ৬০২৫
 ৬০২৫০
 ------
 ৬৬২৭৫
```

(খ) ১২০.৫ কি.মি. যায় ১ ঘণ্টায়
∴ ৩৬১.৫ কি.মি. যায় (৩৬১.৫ ÷ ১২০.৫) ঘণ্টায়
= (৩৬১.৫ × ১০) ÷ (১২০.৫ × ১০) ঘণ্টায়
= ৩৬১৫.০ ÷ ১২০৫.০ ঘণ্টায়
= ৩৬১৫ ÷ ১২০৫ ঘণ্টায় = ৩ ঘণ্টায়

এখানে,
```
       ৩
১২০৫) ৩৬১৫
      ৩৬১৫
      ----
         ০
```

**২** একটি খুঁটির ০.৩ অংশ মাটিতে, ০.৫ অংশ পানিতে এবং বাকি অংশ পানির উপরে আছে। [প্রা. শি. স.-১৯, কোড-৬২৫,৬৪৬,৬৩৯]

(ক) মাটি ও পানিতে খুঁটিটির মোট কত অংশ আছে? ২

(খ) পানির উপরে খুঁটিটির কত অংশ আছে? ২

(গ) পানির উপরের অংশের দৈর্ঘ্য ২.৬ মিটার হলে, সম্পূর্ণ খুঁটিটির দৈর্ঘ্য কত মিটার? ৪

সমাধান: (ক) মাটি ও পানিতে আছে খুঁটিটির মোট (০.৩ + ০.৫) অংশ
= ০.৮ অংশ

(খ) পানির উপরে আছে (১ − ০.৮) অংশ = ০.২ অংশ

(গ) প্রশ্নমতে, ০.২ অংশ = ২.৬ মিটার
∴ ১ (সম্পূর্ণ) অংশ = (২.৬ ÷ ০.২) মিটার
= (২.৬ × ১০) ÷ (০.২ × ১০) মিটার
= (২৬ ÷ ২) মিটার
= ১৩ মিটার।

**৩** দুটি সংখ্যার যোগফল ৭০.২। বড় সংখ্যাটি ছোট সংখ্যা অপেক্ষা ৪.৪ বেশি। [প্রা. শি. স.-১৯,কোড-৬৩৫,৬২৫]

(ক) ছোট সংখ্যাটি কত? ৩

(খ) বড় সংখ্যাটি কত? ২

সমাধান :
(ক) ৪.৪ বাদ দিলে দুই সংখ্যা সমান হবে = (৭০.২ − ৪.৪)
= ৬৫.৮

ছোট সংখ্যাটি হবে = (৬৫.৮ ÷ ২) = ৩২.৯

(খ) 'ক' হতে পাই, ছোট সংখ্যাটি ৩২.৯
বড় সংখ্যাটি হবে = (৩২.৯ + ৪.৪) = ৩৭.৩

**৪** ৫.৪ মিটার দৈর্ঘ্যের একটি লোহার দণ্ড, যার এক মিটারের ওজন ২.৩ কেজি। [প্রা. শি. স.-১৯, কোড-৬৭৩, ৬৪৮]

(ক) দণ্ডটির ওজন কত কেজি হবে? ৪

(খ) দণ্ডটির দৈর্ঘ্য কত মিটার হলে ওজন ৩০.৫৯ কেজি হতো? ৪

সমাধান :
(ক) ১ মিটার দণ্ডের ওজন ২.৩ কেজি
৫.৪ মিটার দণ্ডের ওজন (২.৩ × ৫.৪) কেজি = ১২.৪২ কেজি

এখানে,
```
   ৫৪
 × ২৩
 ----
  ১৬৩
 ১০৮০
 ----
 ১২৪২
```

www.Educationblog24.com
www.TimeofBd.com
Educationblog24.com

TimeofBd.com

(খ) ২.৩ কেজি ওজন ১ মিটার দণ্ডের
৩০.৫৯ কেজি ওজন হবে দণ্ডটির দৈর্ঘ্য যখন
(৩০.৫৯ ÷ ২.৩) মিটার
= (৩০.৫৯ × ১০) ÷ (২.৩ × ১০) মিটার
= ৩০৫.৯ ÷ ২৩ মিটার
= ১৩.৪ মিটার।

**৫** ৪.৫ মিটার ফিতা শিলা ও মিলা দুইজনে ভাগ করে নিল। শিলার চেয়ে মিলা ১.৩ মিটার ফিতা বেশি নিল। *[প্রা. শি. স.-১৯, কোড-৬৪৮]*

(ক) শিলা কত মিটার ফিতা পেল? ৩
(খ) মিলা কত মিটার ফিতা পেল? ২
(গ) যদি শিলা, মিলা ও রিপা তিনজনে ফিতাটি সমানভাবে ভাগ করে নিত, তাহলে প্রত্যেকে কত মিটার করে পেত? ৩

সমাধান :

(ক) শিলার চেয়ে মিলার বেশি ফিতা বাদ দিলে তাদের দুইজনের ফিতার পরিমাণ সমান হবে।
∴ শিলা পেল (৪.৫ − ১.৩) ÷ ২
= ৩.২ ÷ ২ = ১.৬ মিটার
∴ শিলা পেল ১.৬ মিটার।

(খ) শিলার চেয়ে মিলা ১.৩ মিটার ফিতা বেশি পেল।
সুতরাং, মিলা পেল (১.৬ + ১.৩) মিটার
= ২.৯ মিটার

(গ) ৩ জনে সমানভাবে ভাগ করে নিলে প্রত্যেকে ফিতা পেত
(৪.৫ ÷ ৩) মিটার = ১.৫ মিটার

**৬** ৮ প্যাকেট খেজুরের ওজন ১৬.৪ কেজি।
*[প্রা. শি. স.-১৯, কোড-৬২৭,৬৭৫]*

(ক) ১ প্যাকেট খেজুরের ওজন কত? ২
(খ) ২০.৫ কেজি খেজুর এরূপ কতটি প্যাকেটে রাখা যাবে? ২
(গ) প্রতি কেজি ১৮০ টাকা দরে ৩ প্যাকেট খেজুরের দাম কত? ৪

সমাধান :

(ক) ৮ প্যাকেট খেজুরের ওজন ১৬.৪ কেজি
∴ ১ প্যাকেট খেজুরের ওজন (১৬.৪ ÷ ৮) = ২.০৫ কেজি।

এখানে,
```
    ২.০৫
৮) ১৬.৪
   ১৬
   ---
     ৪
     ০
    ---
     ৪০
     ৪০
    ---
      ০
```

সুতরাং, ১ প্যাকেট খেজুরের ওজন ২.০৫ কেজি।

(খ) ১৬.৪ কেজি খেজুর রাখা যায় ৮ প্যাকেটে
∴ ১ কেজি খেজুর রাখা যায় $\frac{৮}{১৬.৪}$ প্যাকেটে
∴ ২০.৫ কেজি খেজুর রাখা যায় $\frac{৮ \times ২০.৫}{১৬.৪}$ প্যাকেটে
$= \frac{৮ \times ২০৫ \times ১০}{১৬৪ \times ১০}$ প্যাকেটে
= ১০ প্যাকেটে
∴ ১০ প্যাকেটে রাখা যাবে।

(গ) ১ প্যাকেট খেজুরের ওজন ২.০৫ কেজি
∴ ৩ প্যাকেট খেজুরের ওজন (২.০৫ × ৩) কেজি = ৬.১৫ কেজি
এখন, ১ কেজি খেজুরের দাম ১৮০ টাকা
∴ ৬.১৫ কেজি খেজুরের দাম (১৮০ × ৬.১৫) টাকা
= ১১০৭ কেজি

এখানে,
```
      ১৮০
   × ৬.১৫
  --------
      ৯০০
     ১৮০০
   ১০৮০০০
  --------
  ১১০৭.০০
```

সুতরাং, ৩ প্যাকেট খেজুরের দাম ১১০৭ টাকা।

**৭** একটি পাত্রে ০.৭২৫ লিটার দুধ আছে।
*[প্রা. শি. স.-১৯, কোড-৬৮...]*

(ক) পাত্রের দুধ ৫টি কাপে সমানভাবে ঢালা হলে, প্রত্যেক কাপে কত লিটার দুধ থাকবে?
(খ) যদি প্রতিটি কাপে ০.০৯৫ লিটার দুধ ঢালা হয়, তাহলে কত লিটার দুধ পাত্রে অবশিষ্ট থাকবে?

সমাধান :

(ক) ৫টি কাপে দুধ আছে ০.৭২৫ লিটার
∴ ১টি কাপে দুধ আছে (০.৭২৫ ÷ ৫) লিটার = ০.১৪৫ লিটার

এখানে,
```
    ০.১৪৫
৫) ০.৭২৫
   ০
   ---
   ৭
   ৫
   ---
   ২২
   ২০
   ---
    ২৫
    ২৫
   ---
     ০
```

সুতরাং, প্রত্যেক কাপে ০.১৪৫ লিটার দুধ থাকবে।

(খ) ১টি কাপে দুধ ঢালা হয় ০.০৯৫ লিটার
∴ ৫টি কাপে দুধ ঢালা হয় (০.০৯৫ × ৫) লিটার
['ক' এর ৫টি কাপ নিয়ে]
= ০.৪৭৫ লিটার
∴ পাত্রে দুধ অবশিষ্ট থাকবে (০.৭২৫ − ০.৪৭৫) লিটার
= ০.২৫০ লিটার = ০.২৫ লিটার
সুতরাং, ০.২৫ লিটার দুধ পাত্রে অবশিষ্ট থাকবে।

**৮** ৩টি প্যাকেটের প্রতিটিতে ০.৫ লিটার করে দুধ আছে। ★

(ক) ৩টি প্যাকেটে মোট কত লিটার দুধ আছে?
(খ) এরূপ প্যাকেটের সংখ্যা আরও ১টি বেশি হলে মোট দুধের পরিমাণ কত হবে?
(গ) প্রতিটি প্যাকেটে যদি ০.২৫ লিটার করে দুধ থাকত তবে ৩টি প্যাকেটে মোট কত লিটার দুধ হতো?
*[অনু. ৭.২ এর ৫ এর আলোকে] [প্রা. শি. স....]*

সমাধান :

(ক) ১টি প্যাকেটে দুধ আছে ০.৫ লিটার
∴ ৩টি প্যাকেটে দুধ আছে (০.৫ × ৩) লিটার = ১.৫ লিটার
সুতরাং, ৩টি প্যাকেটে মোট ১.৫ লিটার দুধ আছে।

www.TimeofBd.Com
www.Educationblog24.com
Educationblog24.com

TimeofBd.com



(খ) প্যাকেটের সংখ্যা ১টি বেশি হলে,
মোট প্যাকেটের সংখ্যা (৩ + ১)টি = ৪টি
১টি প্যাকেটে দুধের পরিমাণ ০.৫ লিটার
∴ ৪টি প্যাকেটে দুধের পরিমাণ (০.৫ × ৪) লিটার = ২.০ লিটার
= ২ লিটার
সুতরাং, প্যাকেটের সংখ্যা ১টি বেশি হলে, মোট দুধের পরিমাণ হবে ২ লিটার।

(গ) ১টি প্যাকেটে দুধের পরিমাণ ০.২৫ লিটার
∴ ৩টি প্যাকেটে দুধের পরিমাণ (০.২৫ × ৩) লিটার = ০.৭৫ লিটার
সুতরাং, ৩টি প্যাকেটে ০.৭৫ লিটার দুধ হতো।

**৯** **একটি শ্রেণিকক্ষের দৈর্ঘ্য ১০.৫ মিটার এবং প্রস্থ ৭.৫ মিটার।** ★★ *[অনু. ৭(খ) এর ৬ এর আলোকে] [প্রা:শি:স:প: ২০১৮]*

**(ক) কক্ষটির ক্ষেত্রফল কত বর্গমিটার?** ৪
**(খ) যদি কক্ষটির দৈর্ঘ্য ৯.৫ মিটার হয়, তবে ক্ষেত্রফল কত বর্গমিটার হবে?** ৪

**সমাধান :**
(ক) দেওয়া আছে, শ্রেণিকক্ষের দৈর্ঘ্য ১০.৫ মিটার
এবং প্রস্থ ৭.৫ মিটার
∴ শ্রেণিকক্ষের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গএকক
= (১০.৫ × ৭.৫) বর্গমিটার
= ৭৮.৭৫ বর্গমিটার

এখানে,
```
   ১০.৫
  × ৭.৫
  ------
   ৫২৫
  ৭৩৫
  ------
  ৭৮.৭৫
```

নির্ণেয় ক্ষেত্রফল ৭৮.৭৫ বর্গমিটার।

(খ) দেওয়া আছে, কক্ষটির দৈর্ঘ্য ৯.৫ মিটার এবং প্রস্থ ৭.৫ মিটার
∴ শ্রেণিকক্ষের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গএকক
= (৯.৫ × ৭.৫) বর্গমিটার
= ৭১.২৫ বর্গমিটার

এখানে,
```
    ৯.৫
  × ৭.৫
  ------
   ৪৭৫
  ৬৬৫
  ------
  ৭১.২৫
```

∴ দৈর্ঘ্য ৯.৫ মিটার হলে, ক্ষেত্রফল ৭১.২৫ বর্গমিটার হবে।

**১০** **শিহাব বাজার থেকে ৪০ টাকা দরে ৭.৫ কেজি চাল, ১১৫ টাকা দরে ০.৫ কেজি ডাল এবং ৩০ টাকা দরে ২.৫ কেজি সবজি কিনল।** ★ *[পাঠ ৭.২ এর আলোকে] [প্রা:শি:স:প: ২০১৮]*

**(ক) সে কত টাকার চাল কিনল?** ২
**(খ) সে কত টাকার সবজি কিনল?** ২
**(গ) সে মোট কত টাকার বাজার করল?** ৪

**সমাধান :**
(ক) শিহাব বাজার থেকে ৪০ টাকা দরে ৭.৫ কেজি চাল কিনল।
এখন, ১ কেজি চালের দাম ৪০ টাকা
∴ ৭.৫ কেজি চালের দাম (৪০ × ৭.৫) টাকা = ৩০০ টাকা
সুতরাং, সে ৩০০ টাকার চাল কিনল।

(খ) শিহাব বাজার থেকে ৩০ টাকা দরে ২.৫ কেজি সবজি কিনল;
এখন, ১ কেজি সবজির দাম ৩০ টাকা
∴ ২.৫ কেজি সবজির দাম (৩০ × ২.৫) টাকা = ৭৫ টাকা
সুতরাং, সে ৭৫ টাকার সবজি কিনল।

(গ) শিহাব ১১৫ টাকা দরে ০.৫ কেজি ডাল কিনল;
এখন, ১ কেজি ডালের দাম ১১৫ টাকা
∴ ০.৫ কেজি ডালের দাম (১১৫ × ০.৫) টাকা = ৫৭.৫০ টাকা
সুতরাং, সে ৫৭.৫০ টাকার ডাল কিনল;
শিহাব বাজার থেকে,

| | | |
|---|---|---|
| চাল কিনল | ৩০০.০০ টাকার | ['ক' হতে] |
| ডাল কিনল | ৫৭.৫০ টাকার | |
| সবজি কিনল(+) | ৭৫.০০ টাকার | ['খ' হতে] |
| ∴ সে মোট বাজার করল | ৪৩২.৫০ টাকার | |

সুতরাং, শিহাব মোট ৪৩২.৫০ টাকার বাজার করল।

**১১** ৫.৪ মিটার ফিতা ৬ জন ছাত্রীর মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হলো। ★★ *[পাঠ ৭.৪ এর ২ এর আলোকে] [প্রা:শি:স:প: ২০১৮]*

(ক) একজন ছাত্রী কত মিটার ফিতা পেল? ৩
(খ) ৩ জন ছাত্রী মোট কত মিটার ফিতা পেল? ৩
(গ) যদি ছাত্রীর সংখ্যা ১০ জন হয়, তবে প্রত্যেকে কত মিটার করে ফিতা পাবে? ২

সমাধান : (ক) ৬ জন ছাত্রী ফিতা পায় ৫.৪ মিটার
∴ ১ জন ছাত্রী ফিতা পায় (৫.৪ ÷ ৬) মিটার
= ০.৯ মিটার

এখানে,
```
     ০.৯
  ৬) ৫.৪
     ০
    ----
     ৫৪
     ৫৪
    ----
      ০
```

সুতরাং, একজন ছাত্রী ০.৯ মিটার ফিতা পেল।

(খ) ১ জন ছাত্রী ফিতা পেল ০.৯ মিটার ['ক' হতে]
∴ ৩ জন ছাত্রী ফিতা পেল (০.৯ × ৩) মিটার = ২.৭ মিটার
সুতরাং, ৩ জন ছাত্রী মোট ২.৭ মিটার ফিতা পেল।

(গ) ছাত্রীর সংখ্যা ১০ হলে,
১০ জন ছাত্রী ফিতা পায় ৫.৪ মিটার
∴ ১ জন ছাত্রী ফিতা পায় (৫.৪÷১০) মিটার
= ০.৫৪ মিটার

এখানে,
```
      ০.৫৪
  ১০) ৫.৪
      ০
     ----
      ৫৪
      ৫০
     ----
       ৪০
       ৪০
     ----
        ০
```

সুতরাং, প্রত্যেকে ০.৫৪ মিটার করে ফিতা পাবে।

**১২** **একটি আয়তাকার মাঠের ক্ষেত্রফল ২৫৩ বর্গমিটার এবং প্রস্থ ১১.৫ মিটার।** ★★ *[অনু. ৭ (খ) এর ১৪] [প্রা:শি:স:প: ২০১৮]*

**(ক) মাঠটির দৈর্ঘ্য কত মিটার?** ৪
**(খ) যদি মাঠটির দৈর্ঘ্য ১.৫ মিটার বেশি হতো, তবে মাঠটির ক্ষেত্রফল কত বর্গমিটার হতো?** ৪

**সমাধান :**
(ক) দেওয়া আছে, আয়তাকার মাঠের ক্ষেত্রফল ২৫৩ বর্গমিটার
এবং প্রস্থ ১১.৫ মিটার
এখন, আয়তাকার মাঠের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
বা, দৈর্ঘ্য × প্রস্থ = ক্ষেত্রফল বা, দৈর্ঘ্য = ক্ষেত্রফল ÷ প্রস্থ
বা, দৈর্ঘ্য = (২৫৩ ÷ ১১.৫) মিটার
= (২৫৩ × ১০) ÷ (১১.৫ × ১০) মিটার
= ২৫৩০ ÷ ১১৫ মিটার
= ২২ মিটার

এখানে,
```
         ২২
  ১১৫) ২৫৩০
       ২৩০
       ----
        ২৩০
        ২৩০
       ----
          ০
```

সুতরাং, মাঠটির দৈর্ঘ্য ২২ মিটার।

(খ) আয়তাকার মাঠটির দৈর্ঘ্য ২২ মিটার ['ক' হতে প্রাপ্ত]
এবং প্রস্থ ১১.৫ মিটার
মাঠটির দৈর্ঘ্য ১.৫ মিটার বেশি হলে, দৈর্ঘ্য হবে (২২+১.৫) মিটার
= ২৩.৫ মিটার
∴ মাঠটির ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ)
= (২৩.৫ × ১১.৫) বর্গমিটার
= ২৭০.২৫ বর্গমিটার

এখানে,
```
    ২৩.৫
  × ১১.৫
  -------
   ১১৭৫
   ২৩৫
  ২৩৫
  -------
  ২৭০.২৫
```

সুতরাং, মাঠটির ক্ষেত্রফল ২৭০.২৫ বর্গমিটার হবে।

www.Timeofbd.Com
www.Educationblog24.com
Educationblog24.com

TimeofBd.com





**১৩** ফাহিমের ওজন ৩২.৫ কেজি। তার মায়ের ওজন তার ওজনের ১.৮ গুণ। ★ /অনু. ৭(খ) এর ৭ এর আলোকে/ /প্রা:শি:স:প: ২০১৮/

(ক) ফাহিমের মায়ের ওজন কত কেজি? ৪

(খ) ফাহিমের ওজন তার মায়ের চেয়ে কত কেজি কম? ২

(গ) ফাহিম ও তার মায়ের মোট ওজন কত কেজি? ২

সমাধান : (ক) ফাহিমের ওজন ৩২.৫ কেজি

তার মায়ের ওজন তার ওজনের ১.৮ গুণ

∴ ফাহিমের মায়ের ওজন = ফাহিমের ওজন × ১.৮

= (৩২.৫ × ১.৮) কেজি

= ৫৮.৫ কেজি

এখানে, ৩২.৫ × ১.৮ = ২৬০০ + ৩২৫ = ৫৮.৫০

সুতরাং, ফাহিমের মায়ের ওজন ৫৮.৫ কেজি।

(খ) ফাহিমের মায়ের ওজন ৫৮.৫ কেজি ['ক' হতে]

ফাহিমের ওজন ৩২.৫ কেজি

ফাহিমের ওজন কম ২৬.০ কেজি [বিয়োগ করে]

সুতরাং, ফাহিমের ওজন তার মায়ের চেয়ে ২৬ কেজি কম।

(গ) ফাহিমের মায়ের ওজন ৫৮.৫ কেজি ['ক' হতে]

ফাহিমের ওজন + ৩২.৫ কেজি

ফাহিম ও তার মায়ের মোট ওজন ৯১.০ কেজি

সুতরাং, ফাহিম ও তার মায়ের মোট ওজন ৯১ কেজি।

**১৪** একটি বাঁশের ০.২৫ অংশ কাদায়, ০.৫৬ অংশ পানিতে আছে। বাঁশটির পানির অংশের দৈর্ঘ্য ৭ মিটার। ★ /প্রা:শি:স:প: ২০১৮/

(ক) বাঁশটির কত মিটার পানির উপরে আছে? ৪

(খ) বাঁশটির কত মিটার কাদায় আছে? ৪

সমাধান :

(ক) কাদায় আছে বাঁশটির ০.২৫ অংশ

পানিতে আছে বাঁশটির ০.৫৬ অংশ

∴ কাদায় ও পানিতে আছে বাঁশটির মোট ০.৮১ অংশ

ধরি, সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য = ১ অংশ

∴ পানির উপরে আছে বাঁশটির (১ − ০.৮১) অংশ = ০.১৯ অংশ

প্রশ্নমতে, ০.৫৬ অংশের দৈর্ঘ্য ৭ মিটার

∴ ১ বা সম্পূর্ণ অংশের দৈর্ঘ্য (৭ ÷ ০.৫৬) মিটার

= (৭০০ ÷ ৫৬) মিটার

= ১২.৫ মিটার

∴ ০.১৯ অংশের দৈর্ঘ্য (১২.৫ × ০.১৯) মিটার

= ২.৩৭৫ মিটার

এখানে, ৫৬) ৭০০ (১২.৫ ; ৫৬, ১৪০, ১১২, ২৮০, ২৮০, ০

১২.৫ × .১৯ = ১১২৫ + ১২৫ = ২.৩৭৫

সুতরাং, বাঁশটির ২.৩৭৫ মিটার পানির উপরে আছে।

(খ) 'ক' হতে পাই, ১ বা সম্পূর্ণ অংশের দৈর্ঘ্য ১২.৫ মিটার

∴ ০.২৫ অংশের দৈর্ঘ্য (১২.৫ × ০.২৫) মিটার

= ৩.১২৫ মিটার

এখানে, ১২.৫ × .২৫ = ৬২৫ + ২৫০ = ৩.১২৫

সুতরাং, বাঁশটির ৩.১২৫ মিটার কাদায় আছে।

**১৫** ৪ প্যাকেট দুধকে ৫টি কাপে সমানভাবে ভাগ করে দেওয়া হলো। প্রতিটি কাপের ওজন ০.৩ কেজি এবং প্রতিটি প্যাকেটে ০.২ লিটার দুধ আছে। ★★ /পাঠ ৭.২ এর ২ এর আলোকে/

(ক) সব প্যাকেটের দুধ একত্র করলে কত লিটার দুধ হবে?

(খ) কাপগুলোর মোট ওজন কত?

(গ) এক লিটার দুধের দাম ৬৫ টাকা হলে, প্রত্যেক কাপে কত টাকার দুধ আছে?

সমাধান : (ক) ১ প্যাকেটে দুধের পরিমাণ ০.২ লিটার

∴ ৪ প্যাকেটে দুধের পরিমাণ (০.২ × ৪) লিটার = ০.৮ লিটার

সুতরাং, সব প্যাকেটের দুধ একত্র করলে ০.৮ লিটার দুধ হবে।

(খ) ১টি কাপের ওজন ০.৩ কেজি

∴ ৫টি কাপের ওজন (০.৩ × ৫) কেজি = ১.৫ কেজি

(গ) 'ক' হতে পাই, মোট দুধের পরিমাণ ০.৮ লিটার

প্রশ্নানুসারে, ৫টি কাপে ০.৮ লিটার দুধ সমানভাবে ভাগ করে দেওয়া হলো।

∴ প্রত্যেক কাপে দুধের পরিমাণ

(০.৮ ÷ ৫) লিটার

= ০.১৬ লিটার

এখন, ১ লিটার দুধের দাম ৬৫ টাকা

∴ ০.১৬ লিটার দুধের দাম (৬৫ × ০.১৬) টাকা

= ১০.৪ টাকা

∴ প্রত্যেক কাপে ১০.৪ টাকার দুধ আছে।

এখানে, ৫) ০.৮ (০.১৬

৬৫ × .১৬ = ৩৯০ + ৬৫ = ১০.৪০

**১৬** একটি মোটরসাইকেল ২৫ সেকেন্ডে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে। মোটর সাইকেলটি প্রতি সেকেন্ডে ০.০২ কিমি যেতে পারে।

★ /পাঠ ৭.২ এর ৫ আলোকে/

(ক) ৮ সেকেন্ডে কত দূরত্ব অতিক্রম করবে?

(খ) মোট অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর।

(গ) মোটর সাইকেলটির ১ কিমি দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে?

সমাধান : (ক) ১ সেকেন্ডে অতিক্রম করে ০.০২ কিমি

∴ ৮ সেকেন্ডে অতিক্রম করে (০.০২ × ৮) কিমি = ০.১৬ কিমি

(খ) ১ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব ০.০২ কিমি

∴ ২৫ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব (০.০২ × ২৫) কিমি

= ০.৫০ কিমি

∴ মোট অতিক্রান্ত দূরত্ব ০.৫ কিমি।

এখানে, ০.০২ × ২৫ = ০১০ + ০৪ = ০.৫০

(গ) মোটর সাইকেলটি ০.০২ কিমি অতিক্রম করে ১ সেকেন্ডে

∴ মোটর সাইকেলটি ১ কিমি অতিক্রম করে

(১ ÷ ০.০২) সেকেন্ডে

= {(১ × ১০০) ÷ (০.০২ × ১০০)} সেকেন্ডে

= (১০০ ÷ ২) সেকেন্ডে = ৫০ সেকেন্ডে

নির্ণেয় সময় ৫০ সেকেন্ড।

www.Educationblog24.com
www.TimeofBd.com
Educationblog24.com

TimeofBd.com

**১৭** ৫ জন শিক্ষার্থী ৪.৫ মিটার ফিতা নিজেদের মধ্যে সমানভাবে ভাগ করে নিলো। যেখানে প্রতি মিটার ফিতার মূল্য ৭.২ টাকা।
★ [পাঠ ৭.৪ এর ২ এর আলোকে]

(ক) প্রত্যেক শিক্ষার্থী কত মিটার ফিতা পাবে? ২
(খ) ২ জন শিক্ষার্থী কম হলে প্রত্যেকে কত মিটার ফিতা পাবে? ৩
(গ) মোট ফিতার মূল্য নির্ণয় কর। ৩

সমাধান :

(ক) ৫ জন শিক্ষার্থী পাবে ৪.৫ মিটার ফিতা
∴ ১ জন শিক্ষার্থী পাবে (৪.৫ ÷ ৫) মিটার ফিতা
= ০.৯ মিটার ফিতা
∴ প্রত্যেক শিক্ষার্থী ০.৯ মিটার ফিতা পাবে।

এখানে, ৫) ৪.৫ (০.৯
০
৪৫
৪৫
০

(খ) ২ জন শিক্ষার্থী কম হলে শিক্ষার্থীর সংখ্যা (৫ − ২) জন = ৩ জন
∴ ৩ জন শিক্ষার্থী পাবে ৪.৫ মিটার ফিতা
∴ ১ জন শিক্ষার্থী পাবে (৪.৫ ÷ ৩) মিটার ফিতা
= ১.৫ মিটার
∴ প্রত্যেকে ১.৫ মিটার ফিতা পাবে।

এখানে, ৩) ৪.৫ (১.৫
৩
১৫
১৫
০

(গ) ১ মিটার ফিতার মূল্য ৭.২ টাকা
∴ ৪.৫ মিটার ফিতার মূল্য (৭.২ × ৪.৫) টাকা
= ৩২.৪ টাকা
∴ মোট ফিতার মূল্য ৩২.৪ টাকা।

এখানে, ৭.২
× ৪.৫
৩৬০
২৮৮
৩২.৪০

**১৮** শিক্ষক ২ লিটার দুধ ৫ জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে দিলেন। প্রতি লিটার দুধের দাম ৬৫ টাকা। ★ ★
[পাঠ ৭.৪ এর এর আলোকে]

(ক) শিক্ষক কত টাকার দুধ কিনলেন? ২
(খ) প্রত্যেক শিক্ষার্থী কত লিটার দুধ পাবে? ৩
(গ) প্রত্যেক শিক্ষার্থী কত টাকার দুধ পেল? ৩

সমাধান : (ক) দেওয়া আছে, ১ লিটার দুধের দাম ৬৫ টাকা
∴ ২ লিটার দুধের দাম (৬৫ × ২) টাকা = ১৩০ টাকা

(খ) প্রশ্নমতে,
৫ জন শিক্ষার্থী দুধ পেল ২ লিটার
∴ ১ জন শিক্ষার্থী দুধ পেল (২ ÷ ৫) লিটার
= ০.৪ লিটার
∴ প্রত্যেক শিক্ষার্থী ০.৪ লিটার দুধ পেল।

এখানে, ৫) ২ (০.৪
০
২০
২০
০

(গ) 'খ' হতে পাই, প্রত্যেক শিক্ষার্থী পেল ০.৪ লিটার দুধ।
দেওয়া আছে, ১ লিটার দুধের দাম ৬৫ টাকা
∴ ০.৪ লিটার দুধের দাম (৬৫ × ০.৪) টাকা = ২৬ টাকা
∴ প্রত্যেকে ২৬ টাকার দুধ পেল।

**১৯** একজন শিক্ষক ৭৫ জন শিক্ষার্থীর প্রত্যেককে ০.২৪ মিটার করে ফিতা দিলেন। প্রতি মিটার ফিতার মূল্য ২৫.৫ টাকা। ★ ★ ★
[অনু. ৭(ক) এর ৬নং এর আলোকে]

(ক) প্রত্যেকে কত টাকার ফিতা পেল? ২
(খ) তিনি সকল শিক্ষার্থীকে মোট কত মিটার ফিতা দিলেন? ৩
(গ) শিক্ষক মোট কত টাকার ফিতা কিনলেন? ৩

সমাধান :

(ক) দেওয়া আছে,
১ মিটার ফিতার মূল্য ২৫.৫ টাকা
∴ ০.২৪ মিটার ফিতার মূল্য (২৫.৫ × ০.২৪) টাকা
= ৬.১২ টাকা
∴ প্রত্যেকে ৬.১২ টাকার ফিতা পেল।

এখানে, ২৫.৫
০.২৪
১০২০
৫১০
৬.১২০

(খ) ১ জন শিক্ষার্থীকে ফিতা দিলেন ০.২৪ মিটার
∴ ৭৫ জন শিক্ষার্থীকে ফিতা দিলেন (০.২৪ × ৭৫) মিটার
= ১৮ মিটার
∴ সকল শিক্ষার্থীকে মোট ১৮ মিটার ফিতা দিলেন।

এখানে, ০.২৪
× ৭৫
১২০
১৬৮
১৮.০০

(গ) 'খ' হতে পাই
শিক্ষক মোট ১৮ মিটার ফিতা কিনলেন।
দেওয়া আছে, ১ মিটার ফিতার মূল্য ২৫.৫ টাকা
∴ ১৮ মিটার ফিতার মূল্য (২৫.৫ × ১৮) টাকা
= ৪৫৯ টাকা
∴ শিক্ষক মোট ৪৫৯ টাকার ফিতা কিনলেন।

এখানে, ২৫.৫
× ১৮
২০৪০
২৫৫
৪৫৯.০

**২০** আবদুর রহমান সাহেব ১৮০৬ টাকা দিয়ে প্রতিটি ২.৫৬৫ কেজি ওজনের ১২ ঝুড়ি ফল কিনলেন। ★ ★ [অনু ৭(ক) এর ৭ এর আলোকে]

(ক) কতটি ০.০০১ দ্বারা ২.৫৬৫ হয়? ২
(খ) প্রতি ঝুড়ি ফলের মূল্য কত টাকা? ৩
(গ) ঝুড়িসহ ফলগুলোর মোট ওজন কত? ৩

সমাধান : (ক) ২.৫৬৫ হলো ০.০০১ এর ২৫৬৫ একক
∴ ২৫৬৫টি ০.০০১ দ্বারা ২.৫৬৫ হয়।

(খ) ১২ ঝুড়ি ফলের মূল্য ১৮০৬ টাকা
∴ ১ ঝুড়ি ফলের মূল্য (১৮০৬ ÷ ১২) টাকা = ১৫০.৫ টাকা

এখানে, ১২) ১৮০৬ (১৫০.৫
১২
৬০
৬০
৬
০
৬০
৬০
০

∴ প্রতি ঝুড়ি ফলের মূল্য ১৫০.৫ টাকা।

(গ) ১ ঝুড়ি ফলের ওজন ২.৫৬৫ কেজি
∴ ১২ ঝুড়ি ফলের ওজন (২.৫৬৫ × ১২) কেজি
= ৩০.৭৮ কেজি
∴ ঝুড়িসহ ফলগুলোর মোট ওজন ৩০.৭৮ কেজি।

এখানে, ২.৫৬৫
× ১২
৫১৩০
২৫৬৫
৩০.৭৮০

**২১**




★ ★ [পাঠ ৭.৭ এর আলোকে]

(ক) 'চ' দণ্ডের প্রতি মিটারের ওজন নির্ণয় কর। ২
(খ) 'ছ' দণ্ডের প্রতি মিটারের ওজন কত? ৩
(গ) ০.৮ মিটার দৈর্ঘ্যের অন্য একটি লোহার দণ্ডের প্রতি মিটারের ওজন 'চ' দণ্ডের প্রতি মিটারের ওজনের সমান হলে নতুন দণ্ডটির ওজন কত? ৩

সমাধান : (ক) ৩ মিটার লোহার দণ্ডের ওজন ১২ কেজি
∴ ১ মিটার লোহার দণ্ডের ওজন (১২ ÷ ৩) কেজি = ৪ কেজি
∴ 'চ' দণ্ডের প্রতি মিটারের ওজন ৪ কেজি।

(খ) ২.৪ মিটার লোহার দণ্ডের ওজন ১২ কেজি
∴ ১ মিটার লোহার দণ্ডের ওজন (১২ ÷ ২.৪) কেজি
= {(১২×১০) ÷ (২.৪ × ১০)} কেজি
= (১২০ ÷ ২৪) কেজি = ৫ কেজি
∴ 'ছ' দণ্ডটির ওজন ৫ কেজি।

(গ) 'ক' হতে পাই, 'চ' দণ্ডের প্রতি মিটারের ওজন ৪ কেজি
∴ ১ মিটার লোহার দণ্ডের ওজন ৪ কেজি
∴ ০.৮ মিটার লোহার দণ্ডের ওজন (০.৮ × ৪) কেজি
= ৩.২ কেজি

এখানে, ০.৮
× ৪
৩.২

∴ নতুন দণ্ডটির ওজন ৩.২ কেজি।

Educationblog24.com
www.Educationblog24.com
www.TimeofBd.Com

TimeofBd.com

# অধিক প্রস্তুতির জন্য অধ্যায়ভিত্তিক মডেল

**প্রস্তুতি মডেল-৬**

বিষয় : প্রাথমিক গণিত

[বি.দ্র.: এ অংশে অধ্যায়ভিত্তিক পার্ট মডেল দেওয়া হয়েছে। যা অনুশীলন তোমাদের প্রস্তুতিকে পূর্ণাঙ্গ করতে সহায়তা করবে।]

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ...

[দ্রষ্টব্য : সকল প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১। সংক্ষেপে উত্তর উত্তরপত্রে লিখ : ১ × ২০ = ২০

(১) ১টি কাপের ওজন ০.৩ কেজি। এরূপ ৫টি কাপের ওজন কত?
(২) একটি মোটরসাইকেল প্রতি সেকেন্ডে ০.০৩ কিমি যায়। ৭ সেকেন্ডে কত কিমি যায়?
(৩) ০.৮ কে ১০ দ্বারা গুণ করলে কত হবে?
(৪) ০.০২১ ÷ ৩ = কত?
(৫) কতটি ০.০১ দ্বারা ০.১৯ গঠন করা যায়?
(৬) এক মিটার লোহার দণ্ডের ওজন ২.২ কেজি। দণ্ডটির দৈর্ঘ্য ১.৩ মিটার হলে এর ওজন কত?
(৭) কোনো দশমিক সংখ্যাকে ১০ দ্বারা গুণ করলে দশমিক বিন্দু ডানে কত ঘর সরে যাবে?
(৮) কোনো দশমিক সংখ্যাকে ১০০ দ্বারা গুণ করলে দশমিক বিন্দু ডানে কতঘর সরে যাবে?
(৯) ০.৫ কে ০.১ এর কত একক বলে?
(১০) ৫.২০৫ কে কোন সংখ্যা দ্বারা গুণ করলে গুণফল ৫২.০৫ হবে?
(১১) ০.৬ লিটার দুধকে ৩ জন বালকের মধ্যে সমানভাবে ভাগ করে দিলে, প্রত্যেক কত লিটার দুধ পাবে?
(১২) ০.৩ × ৭ এ কত সংখ্যক ০.১ রয়েছে?
(১৩) ০.৫ কে ০.০১ এর কত একক বলে?
(১৪) ৫.২৫৬ কে ১০০ দ্বারা গুণ করলে দশমিক বিন্দু কোনদিকে সরে আসবে?
(১৫) ৮৩.৬৫ কে কত দ্বারা ভাগ করলে ভাগফল ০.৮৩৬৫ হবে?
(১৬) ০.০৪ × ৩ = কত?
(১৭) ০.৩৬ কে ৬ দ্বারা ভাগ করলে ভাগফল কত?
(১৮) দুইটি সংখ্যার গুণফল ১। একটি সংখ্যা ০.১ হলে অপরটি কত?
(১৯) ০.১ কে কী বলে?
(২০) ০.৩ × ৫ = ☐; খালিঘরের সংখ্যাটি কত?

২। একটি আয়তাকার বাগানের প্রস্থ ৪.৫ মিটার। বাগানের দৈর্ঘ্য প্রস্থের ১.৫ গুণ।
(ক) বাগানের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
(খ) বাগানের ক্ষেত্রফল কত বর্গমিটার? ৩
(গ) বাগানের দৈর্ঘ্যের দ্বিগুণের সমান দৈর্ঘ্যবিশিষ্ট কোনো ফিতাকে সমান চার টুকরায় ভাগ করলে প্রতি টুকরার দৈর্ঘ্য কত হবে? ৩

৩। রেজার ওজন ৩৬.৫ কেজি। তার ছোট ভাই এবং বাবার ওজন যথাক্রমে তার ওজনের ০.৮ গুণ এবং ১.৬ গুণ।
(ক) রেজার ওজন ০.১ এর কত গুণ? ২
(খ) রেজার ওজন তার ছোট ভাইয়ের ওজন অপেক্ষা কত বেশি? ৩
(গ) তিনজনের মোট ওজন কত? ৩

৪। সালমান সাহেব দোকান থেকে ৭ প্যাকেট দুধ ক্রয় করলেন। প্রতি প্যাকেটে ০.৮ লিটার দুধ আছে।
(ক) ০.০১ এর কতগুণ (০.০৬ × ৬)?
(খ) তিনি কত লিটার দুধ ক্রয় করলেন?
(গ) তিনি দোকানদারকে ৩৬৪ টাকা দিলে প্রতি লিটার দুধের দাম কত?

৫। কোনো শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা ২৪ জন। প্রতি হালি ৭৫.২৫ টাকা দরে ৯০৩ টাকার কমলা শিক্ষার্থীদের সমানভাগে ভাগ করে দেওয়া হয়।
(ক) একটি আপেলের ওজন ১০২.৫ গ্রাম হলে এক হালি আপেলের ওজন কত?
(খ) প্রত্যেকে কয়টি করে কমলা পাবে?
(গ) একটি পাত্রে ৫টি কমলা রাখা গেলে সবগুলো কমলা রাখতে কয়টি পাত্র লাগবে?

৬। একটি লাঠির ০.২৫ অংশ কাদায় ও ০.৩৫ অংশ পানিতে আছে। অবশিষ্ট অংশ পানির উপরে আছে।
(ক) কাদার তুলনায় পানিতে লাঠির কত অংশ বেশি আছে?
(খ) পানির উপরে লাঠিটির কত অংশ আছে?
(গ) পানির উপরে লাঠিটির দৈর্ঘ্য ৫ মিটার হলে সম্পূর্ণ লাঠিটির দৈর্ঘ্য কত?

৭। একটি লোহার দণ্ডের দৈর্ঘ্য ৭.৪ মিটার। প্রতি মিটার লোহার ওজন ৩.৫ কেজি।
(ক) একটি ফিতার দৈর্ঘ্য লোহার দণ্ডের দ্বিগুণ হলে, ফিতারটির দৈর্ঘ্য কত?
(খ) সম্পূর্ণ দণ্ডের ওজন কত?
(গ) দণ্ডটিকে সমান পাঁচ টুকরা করা হলে, ৩টি টুকরার দৈর্ঘ্য কত হবে?

৮। যেকোনো দুইটি প্রশ্নের উত্তর দাও : ৬ × ২ = ১২
(ক) একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ৭২৯ বর্গমিটার। এর প্রস্থ ২২.৫ মিটার হলে দৈর্ঘ্য নির্ণয় কর।
(খ) একটি পাত্রে ১.৬ লিটার রং আছে এবং এর ওজন ২.৪ কেজি। প্রতি লিটার রং এর ওজন নির্ণয় কর।
(গ) একটি মোটর সাইকেল প্রতি সেকেন্ডে ০.০২ কি.মি. যায়। ৪৮ সেকেন্ডে কত কিলোমিটার যায়?

৯। দোকান থেকে রিমি ০.২৫ ডজন এবং জেমি ০.৫ ডজন ডিম কিনল। প্রতি ডজন ডিমের দাম ৪৫ টাকা।
(ক) কে বেশি ডিম কিনল এবং কত ডজন বেশি কিনল?
(খ) রিমি কত টাকার ডিম কিনল?
(গ) তারা মোট কত টাকার ডিম কিনল?

১০। ফাহাদের নিকটে ৩৬০০০ টাকা ছিল। তিনি এই টাকার ০.১ অংশ এতিমখানায় এবং ০.৭ অংশ শিক্ষা প্রতিষ্ঠানে দান করলেন।
(ক) তিনি কত টাকা এতিম খানায় দান করলেন?
(খ) তিনি কত টাকা শিক্ষা প্রতিষ্ঠানে দান করলেন?

১১। একটি ম্যারাথন দৌড় প্রতিযোগিতায় একজন দৌড়বিদ ১৫টি চক্কর অতিক্রম করেন। তিনি ৪২.১৯৫ কিমি পথ অতিক্রম করেন।
(ক) ১৮ + ৩.৬০ = কত?
(খ) প্রতি চক্রে কত কিমি পথ দৌড়ান?
(গ) একটি সাইকেল ঘণ্টায় প্রতিটি চক্র পথ অতিক্রম করে। সাইকেলটি ৩.৫ ঘণ্টায় কত কিমি পথ অতিক্রম করে?

## উত্তরমালা

১। (১) ১.৫ কেজি (২) ০.২১ কি.মি. (৩) ৮; (৪) ০.০০৭ (৫) ১৯; (৬) ২.৮৬ কেজি; (৭) একঘর; (৮) দুইঘর; (৯) ৫ একক; (১০) ১০; (১১) ০.২ লিটার; (১২) ২১টি; (১৩) ৫০ একক; (১৪) ডানে; (১৫) ১০০; (১৬) ০.১২; (১৭) ০.০৬; (১৮) ১০; (১৯) এক দশমাংশ; (২০) ১.৫।
২। (ক) ৬.৭৫ মিটার; (খ) ৩০.৩৭৫ বর্গমিটার; (গ) ৩.৩৭৫ মিটার।
৩। (ক) ৩৬৫ গুণ; (খ) ৭.৩ কেজি; (গ) ১২৪.১ কেজি।
৪। (ক) ৩৬ গুণ; (খ) ৫.৬ লিটার; (গ) ৬৫ টাকা।
৫। (ক) ৪১০ গ্রাম; (খ) ২টি; (গ) ১০টি।
৬। (ক) ০.১ অংশ; (খ) .৪০ অংশ; (গ) ১২.৫ মিটার।
৭। (ক) ১৪.৮ মিটার; (খ) ২৫.৯ কেজি; (গ) ৪.৪৪ মিটার।
৮। (ক) ৩২.৪ মি.; (খ) ১.৫ কেজি; (গ) ০.৯৬ কিমি।
৯। (ক) জেমি; .২৫ ডজন; (খ) ১১.২৫ টাকা (গ) ৩৩.৭৫ টাকা।
১০। (ক) ৩৬০০ টাকা; (খ) ২৫২০০ টাকা।
১১। (ক) ৫; (খ) ২.৮১৩ কিমি; (গ) ৯.৮৪৫৫ কিমি।

www.TimeofBd.com
www.Educationblog24.com
Educationblog24.com